

## বগুড়ায় ১৫ কেজি গাঁজাসহ দুইজন গ্রেফতার



০১/০৮/২০১৭ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, বগুড়া 'ক' সার্কেল স্টাফদের নিয়ে উপ-পরিচালক জনাব পরিতোষ কুমার কুন্ডু-এর নেতৃত্বে (১) শাহ জালাল খান, পরিদর্শক, (২) মোঃ সিরাজুল ইসলাম, উপ-পরিদর্শক (৩) মোঃ শাহিন শওকত, এ.এস.আই (৪) মোঃ আশরাফুজ্জামান, সিপাই (৫) মোঃ সহিদুল ইসলাম,

সিপাই (৬) মোহাঃ মামুনুল ইসলাম সিকদার, সিপাই ও (৭) মোঃ মমদেল হোসেন. গাড়ীচালক সহ একটি অভিযানকারী দল বগুড়া জেলার শেরপুর থানাধীন ঘোগা ব্রিজ গাড়ুই বাসস্ট্যান্ড নামক স্থানে বগুড়া থেকে সিরাজগঞ্জগামী আর ট্রাভেল নামীয় গাড়ী তল্লাশি করে (১) মোঃ আফজাল হোসেন (৪৫), পিঃ মৃতঃ ডিক্কু মন্ডল, সাং- আমতলী রাধাকান্তপুর, ইউঃ পিঃ- পাকুলিয়া, থানা- সোনাতলা, জেলা- বগুড়া। (২) মোঃ মুকুল (৪৫), পিঃ মৃতঃ এস্তাজ প্রামানিক, সাং- আমতলী রাধাকান্তপুর, ইউঃ পিঃ- পাকুলিয়া, থানা- সোনাতলা, জেলা- বগুড়াকে ১৫(পনের) কেজি গাঁজাসহ হাতেনাতে গ্রেফতার করা হয়। উক্ত দুই জন আসামীর বিরুদ্ধে সার্কেল/পরিদর্শক বাদী হয়ে বগুড়ার শেরপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেছেন।